



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোনঃ ০৭২১-৮৬২৪৪৫

ফ্যাক্সঃ ০৭২১-৮৬২৪৪৫

ওয়েবসাইটঃ www.rakub.org.bd

ই-মেইল-dgmpd@rakub.org.bd

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।  
সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

প্রধান কার্যালয়, রাজশাহী  
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৬/২০১৯

তারিখ: ১৯.০৬.২০১৯

বিষয়: কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১৩ আংশিক সংশোধন প্রসঙ্গে।

কর্মী ব্যবস্থাপনা বিভাগের ০৩.১১.২০১৩ তারিখের প্রকা/কব্যবি-১৩/২০১৩ নম্বর সার্কুলার মারফত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১৩ জারি করা হয়। উক্ত নীতিমালায় অগ্রিমের নিরাপত্তার বিষয়ে জমির মালিকানা স্বত্ব যাচাই করার নিমিত্ত ব্যাংকের নিকট অগ্রিম গ্রহীতাকে ৯ এর ১(ঘ) অনুচ্ছেদে নিম্নরূপ দলিলপত্রাদি জমা দিতে বলা হয়েছে:

“এস.এ এবং আর.এস/বি.এস খতিয়ানের সার্টিফাইড কপি”

০২। রাকাব, পরিচালনা পর্ষদের ৪৯৪তম (তারিখ: ২৮.০৩.২০১৯) সভায় রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে লেডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল সংশোধনসহ অনুমোদন প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে ঋণ ও অগ্রিম বিভাগ-১, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী ১৮.০৪.২০১৯ তারিখের ঋণ/অবি-১ সার্কুলার নং-০১/২০১৯ জারি করা হয়। উক্ত সার্কুলারের ১২.১৪ নম্বর অনুচ্ছেদে আর এস খতিয়ানের ভিত্তিতে জমির মালিকানা স্বত্ব নির্ধারণ বিষয়ে উল্লেখ করা হয়েছে যে, যেসকল এলাকায় গেজেট আকারে আর এস খতিয়ান প্রকাশিত হয়েছে এবং আর এস রেকর্ড অনুযায়ী জমির খাজনা নেয়া হচ্ছে ও জমির খরিজ ইত্যাদি করা হচ্ছে সেসকল এলাকায় এস এ খতিয়ানের পরিবর্তে আর এস খতিয়ান কে ভিত্তি ধরে জামানতি সম্পত্তির মালিকানা স্বত্ব নির্ধারণ করা যাবে। কোন এলাকায় গেজেট আকারে আর এস খতিয়ান প্রকাশিত না হলে জামানতি সম্পত্তির Chain of documents এস এ খতিয়ান থেকে মিলিয়ে নিতে হবে। ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের গৃহ নির্মাণ অগ্রিমের মাধ্যমে জমি ক্রয়ের ক্ষেত্রে জমি বিক্রেতার মালিকানা স্বত্ব নির্ধারণে একই প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের লেডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল সংশোধনীর প্রেক্ষিতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের গৃহ নির্মাণ অগ্রিম নীতিমালা-২০১৩ এর ৯ এর ১(ঘ) অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা হলো:

যেসকল এলাকায় গেজেট আকারে আর এস খতিয়ান প্রকাশিত হয়েছে এবং আর এস রেকর্ড অনুযায়ী জমির খাজনা নেয়া হচ্ছে ও জমির খরিজ ইত্যাদি করা হচ্ছে সেসকল এলাকার জন্য আর এস/বি এস খতিয়ানের সার্টিফাইড কপি এবং যেসকল এলাকায় গেজেট আকারে আর এস খতিয়ান প্রকাশিত হয়নি সেসকল এলাকার জন্য এস.এ খতিয়ানের সার্টিফাইড কপি।

০৪। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারি করা হলো।

অনুমোদনক্রমে-

(মোঃ আন্বুর রহিম)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-২০/২০১৮-২০১৯/৪১৬১(৪৫০)

তারিখ: এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

৩১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩৪. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৩৫. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৩৬. অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৩৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৩৮. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
৩৯. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
৪০. সহকারী মহাব্যবস্থাপক (উপ-মহাব্যবস্থাপকের দায়িত্বে), রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
৪১. সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪২. ব্যবস্থাপক (সমব্যা), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
৪৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
৪৪. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
৪৫. অফিস নথি

(মোঃ কামরুজ্জামান কাদরী)

সহকারী মহাব্যবস্থাপক